

# নোটিশ বোর্ড

## (ক) আজীবন পারিবারিক পেনশনের জন্য প্রয়োজনীয় কাগজ পত্র ও পরামর্শ।

- ১। পেনশন ভোগরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মচারীর পেনশন বহি ও জাতীয় পরিচয় পত্র বাধ্যতামূলক।
- ২। ডাক্তার কর্তৃক প্রদত্ত মৃত্যুর সনদ মূলকপি ও ০৩ টি ফটোকপি।
- ৩। ডাক্তার কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদ প্রাপ্তীর পর ডিএমও, ঢাকা কর্তৃক প্রতিস্বাক্ষর করাতে হবে (অফিসিয়াল পত্রের মাধ্যমে)।
- ৪। পেনশন গ্রহণের বিষয়ে ডিএফএ, পেনশন দপ্তর হইতে পিপিও, টিপকার্ড/অনলাইন কপি ফেরৎ আনতে হবে (অফিস)।
- ৫। চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মৃত্যুর সনদ মূলকপি ও ০৪ টি ফটোকপি।
- ৬। চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ওয়ারিশান সনদ মূলকপি ও ০৪ টি ফটোকপি।
- ৭। চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত স্ত্রী/পেনশনের জন্য আবেদনকারী ব্যাক্তির নাগরিকত্ব সনদ মূলকপি ও ফটোকপি।
- ৮। চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত পুনঃ বিবাহ না হওয়ার সনদ (বিধবা স্ত্রীর ক্ষেত্রে)।
- ৯। প্রতিবন্ধি সন্তান থাকিলে চেয়ারম্যান ও সমাজ সেবা অধিদপ্তরের প্রতিবন্ধি সনদ (যদি থাকে)।
- ১০। A-4 সাইজ কাগজে স্ত্রী/আবেদনকারীর জাতীয় পরিচয় পত্র/স্মার্টকার্ডের ফটোকপি ০৩ কপি।
- ১১। A-4 সাইজ কাগজে প্রত্যেক ওয়ারিশের জাতীয় পরিচয় পত্র/স্মার্টকার্ড/জন্ম নিবন্ধনের ফটোকপি ০২ কপি।  
(বড় থেকে ছোট নাম ও বয়সের তালিকাসহ)
- ১২। প্রত্যেক স্ত্রীর/আবেদনকারীর ১৬ কপি পাসপোর্ট সাইজের ছবি।
- ১৩। প্রত্যেক ওয়ারিশের/সন্তানদের ০২ কপি করে স্ট্যাম্প সাইজ ছবি পেছনে নাম লিখতে হবে।
- ১৪। ওয়েলফেয়ার ইমপেট্টর কর্তৃক বৈধ ওয়ারিশের তদন্ত প্রতিবেদন (ক্রমিক ১,২,৫,৬,১২ প্রাপ্তী সাপেক্ষে)।
- ১৫। ক্রমিক ১ হইতে ১৪ প্রদান সাপেক্ষে নির্ধারিত ফরম সমূহ পূরণ পূর্বক সাদা কাগজে দুই কপি আবেদন ও পারিবারিক পেনশনশন পরিশোধের আবেদন, বিআর পেনশন ফরম নং (১৮ সংশোধিত) ১৮-খ, পূরণ ও স্বাক্ষর করে জমা প্রদান করবেন। প্রাপ্ত সকল কাগজ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষর করে জমা প্রদান করতে হবে।
- ১৬। A-4 সাইজ কাগজে স্ত্রীর ব্যাংক একাউন্ট এর প্রমানক এমআইসিআর চেকের ফটোকপি ০২ কপি। এমআইসিআর চেক প্রাপ্তিতে বিলম্ব হইলে প্রাথমিক ভাবে রাউন্ডিং নাম্বারসহ ব্যাংক এস্টেটমেন্ট (হিসাবের নাম এনআইডি মোতাবেক)।
- ১৭। স্ত্রীর পুরাতন ভোটার/এনআইডিতে স্বামীর নাম গড়মিল থাকিলে (যদি থাকে) ও সন্তানদের এনআইডি কার্ড/জন্ম নিবন্ধনে পিতা, মাতার নামের বয়সের গড়মিল থাকিলে তাহা স্বামী/পিতা/মাতার এনআইডি মোতাবেক জরুরী ভিত্তিতে সংশোধন করুন এবং স্ত্রী ও সন্তানদের বয়সের পার্থক্য যাচাই করুন। বয়সের গড়মিল থাকিলে তাহাও সংশোধন করুন।

(খ) একাধিক স্ত্রী থাকিলে সকলকেই সন্তানসহ একসাথে আসতে হবে।

(গ) যে কোন প্রকার তথ্য সহায়তার জন্য সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী অফিসে যোগাযোগ করুন।

প্রধান সহকারী  
কমান্ড্যান্ট এর কার্যালয়  
রেলওয়ে নিরাপত্তা বাহিনী  
ঢাকা বিভাগ।